

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৬৮

বিশ্বামগঞ্জ, ৩০ অক্টোবর, ২০২৪

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান

সিপাহীজলা জেলায় সভা

সিপাহীজলা জেলায় ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান কর্মসূচি  
রূপায়ণে আজ জেলাভিত্তিক এক সভা অনুষ্ঠিত হয়। জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স  
হলে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি  
সুপ্রিয়া দাস দত্ত। সভায় জানানো হয়, এই অভিযানে জেলার জনজাতি অধ্যুষিত এলাকার  
পরিকাঠামো উন্নয়ন ও জীবনযাত্রার মান উন্নয়নে চলতি অর্থবছর থেকে আগামী ৫ বছরে  
বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করা হবে। জেলার বিশালগড়, চড়িলাম, জম্পুইজলা, কাঁঠালিয়া,  
মোহনভোগ ও বক্রনগর রুকের ৬৩টি এলাকায় এই অভিযানে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ  
করা হবে। সভায় জানানো হয়, আগামী ১৫ নভেম্বর জেলাভিত্তিক ধরতি আবা জনজাতীয়  
গ্রাম উৎকর্ষ অভিযান কর্মসূচির সূচনা হবে। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক  
রিক্ত লাথের এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*